

ষষ্ঠ পাঠঃ- জীবন বিধান ও সংবিধান

জীবন বিধান ও সংবিধান কি?

মানুষ তার জীবনে যে নীতি, আদর্শ, আইন ও বিধান মেনে চলে তাকে বলে জীবন বিধান। আর রাষ্ট্র বা সংঘঠন পরিচালনার জন্য যে নিয়ম-নীতি বা বিধান তৈরী করা হয় তা হল সংবিধান। জীবন বিধান ও সংবিধানকে আরবীতে হলা হয় শিরআ'হ, শারীআ'হ ও মিনহাজ।

জীবন বিধান ও সংবিধান আসলে একই বিষয়। কারন জীবনের কল্যান ও উন্নয়নেই সরকার বা সংঘঠন। সরকার বা সংঘঠন সমাজের জন্য। আর ব্যক্তি নিয়েই সমাজ। ব্যক্তি ও সমাজ উভয় জীবনের জন্যই নিয়ম-নীতি ও বিধানের প্রয়োজন। জীবনের সকল ক্ষেত্রে মেনে চলতে হবে একই বিধান।

ব্যক্তি জীবনে এক আর সমাজে অন্য বিধানের পরিনতি

ব্যক্তি জীবনে এক বিধান আর সমাজে অন্য বিধান হলে মানুষ দিশাহারা হয়ে যায়। এক সাথে দুই নৌকায় আরোহির মত বেদিশা হয়ে বিভ্রান্ত হয়ে যায়। ফলে নীতি, আদর্শ ও আইনের প্রতি অনিহা বাড়ে। যে কারনে নীতিহীনতা, অনিয়ম ও দুনীতি সাধারণ নিয়মে পরিনত হয়। কারন ব্যক্তি ও সমাজ অঙ্গাঙ্গি ভাবে জড়িত।

মুসলমানের জীবন বিধান ও সংবিধান

আমরা মুসলমান। আমাদের জীবন বিধান ও সংবিধান তথা ব্যক্তি জীবন, পারিবারিক, সামাজিক, জাতীয়, আন্তর্জাতিক সকল ক্ষেত্রের সকল বিধান আল্লাহ কর্তৃক নির্ধারিত। যে বিধানের নাম ইসলামী শারীআ'হ। যে বিধানকে অবজ্ঞা করলে কাফির হয়ে চির জাহান্নামী হতে হয়। কারন ইহাই আল্লাহর মনোগীত একমাত্র বিধান। এই বিধানই সঠিক বিধান। এই দ্বীনই সঠিক দ্বীন, এই পথই সঠিক পথ। এছাড়া যত বিধান আছে, যত পথ আছে সব ভ্রান্তি, সব মন-গড়া। এসব শয়তানী ও ভন্ডামী। ধিকৃত ও বর্জনীয়। **ইব্রশাদ হচ্ছেঃ-**

১. আমি সঠিক বিধান দিয়ে কিতাব নাযিল করেছি। যা আগেকার কিতাবকে সত্যায়ন ও এর বিধানকে সংরক্ষন করে। তুমি বিচার ও শাসন কর আল্লাহ নাযিলকৃত বিধান মেনে। আগত সত্য বাদ দিয়ে মন-গড়া কোন কিছু মেনে নিও না। আমি সবার জন্য (শিরআ'হ ও মিনহাজ) বিধান ও নীতি-মালা ঠিক করে দিয়েছি।

আল্লাহ ইচ্ছা করলে সবাই একই জাতী ভুক্ত হত কিন্তু তিনি পরীক্ষা করেন তদীয় বিধান দিয়ে। তোমরা সৎকাজে প্রতিযোগিতা কর। সবাই আল্লাহর কাছে ফিরে আসবে। তিনি উপযুক্ত বদলা দেবেন বিরোধিতা করীদের। (মাইদাহঃ ৪৮)

২. ইসলাম ছাড়া অন্য দ্বীন (নীতি-মালা, মতবাদ, বিধান)র সন্ধান করা অ-গ্রহন যোগ্য (অপরাধ)। কেহ এমন করলে আখেরাতে ধিকৃত হবে। (আল ই'মরানঃ ৮৫)

৩. হেদায়াত সু-স্পষ্ট হবার পরও যে রাসুলের বিরোদ্ধাচরন করে, মুঅমিনদের পথ ছেড়ে অন্য পথ ধরে: সে যেদিকে ফিরে আমি সেদিকে ফিরিয়ে দেই। নিষ্ক্ষেপ করি জাহান্নামে যা জঘন্যতম স্থান। (নিসা:- ১১৫)

৪.তবে কি তোমরা কিতাবের কিছু মান আর কিছু মান না? কেহ এমন করলে দুনিয়ায় লাঞ্চিত হবে আর আখেরাতে নিষ্ক্ষিপ্ত হবে কঠিন আযাবে। আল্লাহ বে-খরব নন তোমাদের কাজ সম্পর্কে। (বাকারাহঃ ৮৫)

৫. আল্লাহ ও রাসুলের কোন ফয়সালা অমান্য করার এখতিয়ার মুঅমিন পুরুষ বা নারী কারো নেই। আল্লাহ ও রাসুলের অবাধ্য ব্যক্তি স্পষ্ট বিভ্রান্তিতে নিপতিত। (আহ'যাব ৩৬)

এপাঠ পড়ে যা শিখলামঃ

১. ব্যক্তি জীবন ও সমাজে একই বিধান মেনে চলতে হয়। অন্যথায় নীতি, আদর্শ ও আইনের প্রতি অনিহা বাড়ে। যার ফলে নীতিহীনতা, অনিয়ম ও দুনীতি সাধারণ নিয়মে পরিনত হয়।

২. আমরা মুসলমান। আমাদের জীবন বিধান ও সংবিধান তথা ব্যক্তি জীবন, পারিবারিক, সামাজিক, জাতীয়, আন্তর্জাতিক সব বিধান আল্লাহ কর্তৃক নির্ধারিত। যে বিধানের নাম ইসলাম, ইসলামী শারীআ'হ।
৩. কোন মুসলমান আল্লাহর বিধানের বিরোধিতা করতে বা এর অবাধ্য হতে পারে না।
৪. আমাদের যাবতীয় বিধান আল্লাহ কর্তৃক নির্ধারিত। যার নাম ইসলামী শারীআ'হ।
৫. ইসলামী শারীআ'হর বিরোধিতা করী মুসলমান নয়, যদিও সে নিজেকে মুসলমান বলে দাবী করে। তার যাবতীয় আমল নিষ্ফল। সে চির জাহান্নামী।
৬. ইসলামী শারীআ'হই মুসলমানদের জীবন বিধান ও সংবিধান।
৭. মানুষের ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, জাতীয়, আন্তর্জাতিক সকল ক্ষেত্রে মানতে হবে ইসলামী শারীয়াহ।
৮. ইসলাম ছাড়া যত বিধান আছে, যত মত আছে, যত পথ আছে: সব ভ্রান্তি, সব মন-গড়া। এসব শয়তানী ও ভডামী। ধিকৃত ও বজনীয়।

প্রশ্নোত্তরঃ

১. জীবন বিধান বলতে কি বুঝ? বুঝিয়ে বল।
২. সংবিধান কি?
৩. জীবন বিধান ও সংবিধান আসলে একই বিষয়। বিষয়টি বুঝিয়ে বল।
৪. ব্যক্তি জীবনে এক বিধান আর সমাজে অন্য বিধান হলে মানুষের কি অবস্থা হয়? বুঝিয়ে বল।
৫. আমরা মুসলমান। আমাদের ব্যক্তি, পরিবার, সমাজ, জাতীয়, আন্তর্জাতিক সব বিধান আল্লাহ কর্তৃক নির্ধারিত। নির্ধারিত এই বিধানের নাম কি?
৬. মানুষের মনগড়া যতসব বিধান, নীতিমালা, আদর্শ ও মতবাদ আছে: এসব মানা যাবে কি?
৭. ইসলাম ছাড়া কোন মতবাদ, নীতিমালা ও বিধান গ্রহন করা যাবেনা। একথার প্রমাণ কি?
৮. যে ব্যক্তি ইসলামের পথ ছেড়ে অন্য পথে চলল: সে কি মুসলমান? প্রমাণ সহ বর্ণনা কর।
৯. যে ব্যক্তি ইসলামের কিছু মানে আর কিছু মানে না। তার পরিনতি প্রমাণ সহ বর্ণনা কর।
১০. আল্লাহ ও রাসূল সাঃর দেয়া কোন সিদ্ধান্ত বা বিধান না মানার পরিনতি বর্ণনা কর।

সত্য মিথ্যা নির্ণয় করঃ

১. ব্যক্তি জীবনে ইসলাম আর সমাজে অন্য নিয়ম মেনে চললেও মানুষ মুসলমান থাকে।
২. ব্যক্তি জীবনে ধর্ম থাকবে। তবে সামাজিক জীবনে কোন ধর্ম মানা হবেনা। এতেই মানুষ শান্তি পাবে।
৩. আমরা মুসলমান। আমাদের যাবতীয় বিধান আল্লাহ কর্তৃক নির্ধারিত।
৪. জীবনের কোন ব্যাপারেই মনগড়া কোন কিছু মানার অবকাশ নাই।
৫. কেহ ইসলাম ছাড়া অন্য কোন মতবাদ ও আদর্শের সন্ধান করলে আখেরাতে সে ধিকৃত হবে।
৬. ইসলামই একমাত্র সঠিক এছাড়া বাকিসব ভ্রান্তি, ভডামী ও শয়তানী।
৭. যে ইসলামের পথ ছেড়ে অন্য পথে চলে সে জাহান্নামী।
৮. যে ব্যক্তি ইসলামের কিছু মানে আর কিছু মানে না: সে জাহান্নামে নিষ্কিপ্ত হবে।
৯. যে আল্লাহ ও রাসূলের দেয়া কোন সিদ্ধান্ত বা বিধান মানল না সে বিভ্রান্ত।
১০. ইসলাম বিরোধী কোন মনগড়া বিধান মেনে নেয়া কুফর।